

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরিশিষ্ট-১ - ৬. অস্ত্র-শস্ত্র (السلاح)

তরবারী (السيف) : রাসূলুল্লাহ (ছাঃ)-এর ৯টি তরবারী ছিল। (১) মা'ছুর (مأثور) যা তিনি পৈত্রিক উত্তরাধিকার সূত্রে পেয়েছিলেন। (২) 'আয্ব (العَضْبُ) (৩) 'যুল-ফিক্কার' (ذُو الْفِقَارِ) এটি তিনি ছাড়তেন না। যার বাঁট ছিল লোহার তৈরী ও রূপা দিয়ে মোড়ানো। (৪) ক্বালাঈ (الْقَلْعِيُّ) (৫) বাত্তার (الْبَتَّانُ) (৬) হাৎফ (الْحَنْفُ) (৭) রাসূব (الرَّسُوبُ) (৮) মিখযাম (المِخْذَمُ) (৯) ক্বাযীব (القَضِيبُ)

বর্ম (الدرع) : তাঁর বর্ম ছিল ৭টি : (১) 'যাতুল ফুযূল' (ذَاتُ الْفُضُولِ) লোহার তৈরী এই বর্মটি মৃত্যুর পূর্বে স্বীয় পরিবারের জন্য রাসূল (ছাঃ) জনৈক আবু শাহম (أَبُو الشَّحْمِ) ইহুদীর নিকট ৩০ ছা' (৭৫ কেজি) যবের বিনিময়ে এক বছরের জন্য বন্ধক রেখেছিলেন। (২) 'যাতুল বিশাহ' (ذَاتُ الْوِشَاحِ) (৩) 'যাতুল হাওয়াশী' (ذَاتُ الْهَوَاشِي) (৪) সা'দিয়াহ (السَّعْدِيَّةُ) (৫) ফিযযাহ (فِيضَةُ) (৬) বাতরা (الْبَتْرَاءُ) (৭) খিরনিক (الْخِرْنِقُ) (যাদুল মা'আদ ১/১২৬)।

এতদ্ব্যতীত তাঁর (১) তীরের নাম ছিল 'সাদাদ' (السَّادَانُ) (২) শরাধারের নাম ছিল 'আল-জাম'উ' (الْجَمْعُ) (৩) বর্ষার নাম ছিল 'সাগা' (السَّغَاءُ) (৪) তাঁর শিরস্ত্রানের নাম ছিল 'যাক্বান' (الذَّقْنُ) (৫) ঢালের নাম ছিল 'মুজয' (المُوجِزُ) [1]

ব্যবহৃত বস্ত্রসমূহের বিষয় পর্যালোচনা (الملاحظة في أثنائه المسة عملة) :

রাসূলুল্লাহ (ছাঃ)-এর ব্যবহৃত বস্ত্রসমূহকে বরকতের বস্ত্র হিসাবে পূজা করার কোনরূপ নির্দেশনা শরী'আতে নেই। তেমন কিছু থাকলে ছাহাবায়ে কেবাম নিজেরাই সেগুলি সংরক্ষণ করতেন। বরং এর বিপরীত তাঁর ব্যাপারে বাড়াবাড়ি করতে এবং তাঁর কবরে পূজা করতে কঠোরভাবে নিষেধ করা হয়েছে।[2] তাঁর ব্যবহৃত পোষাক, জুতা এমনকি তাঁর চুল ইত্যাদি নিয়ে মুসলিম বিশ্বের কোন কোন অঞ্চলে যেভাবে অতি ভক্তি দেখানো হয়, এমনকি অনেক স্থানে দাঙ্গা-হাঙ্গামা ও যুদ্ধ-বিগ্রহ পর্যন্ত হয়ে থাকে। এগুলি স্রেফ বাড়াবাড়ি বৈ কিছুই নয়।

ফুটনোট

[1]. ইবনু কাছীর, আল-বিদায়াহ ৬/৯।

[2]. বুখারী হা/৩৪৪৫, ১৩৯০; মুওয়াত্ত্বা হা/৫৯৩; মিশকাত হা/৭৫০।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=5807>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন